# অভিযোগ প্রতিকার ব্যবস্থার (GRS) মাসিক প্রতিবেদন

## শিল্প মন্ত্রণালয়

**মাসের নাম: মে/২০২৬**

| মন্ত্রণালয়/দপ্তর/সংস্থার নাম | বর্তমান মাসে প্রাপ্ত অভিযোগের সংখ্যা | | মোট (১+২) | পূর্বের জের | মোট অভিযোগ (৩+৪) | বিবেচ্য মাসে নিষ্পত্তিকৃত অভিযোগের সংখ্যা | নিষ্পত্তিকৃত অভিযোগের সংক্ষিপ্ত বিবরণ | অনিষ্পত্তিকৃত অভিযোগের সংখ্যা (৫ - ৬) | মন্তব্য (% সহ) |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | পত্র/দরখাস্ত যোগে | অনলাইনে | | | | | | | |
| | ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |
| শিল্প মন্ত্রণালয় | - | ০২ | ০২ | ০৯ | ১১ | ০৬ | পরিশিষ্ট-ক | ০৫ | অনিষ্পন্ন অভিযোগ নিষ্পত্তির কার্যক্রম চলমান আছে। |
| বাংলাদেশ কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ কর্পোরেশন (বিসিআইসি) | ০১ | - | ০১ | ০১ | ০২ | ০১ | পরিশিষ্ট-ক | ০১ | ঐ |
| বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প কর্পোরেশন (বিএসএফআইসি) | - | - | - | ০২ | ০২ | ০২ | পরিশিষ্ট-ক | - | - |
| বাংলাদেশ ইস্পাত ও প্রকৌশল কর্পোরেশন (বিএসইসি) | - | - | - | - | - | - | - | - | - |
| বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প কর্পোরেশন (বিসিক) | - | - | - | ০৪ | ০৪ | ০৪ | পরিশিষ্ট-ক | - | - |
| বাংলাদেশ শিল্প কারিগরি সহায়তা কেন্দ্র (বিটাক) | - | - | - | - | - | - | - | - | - |
| বাংলাদেশ স্ট্যান্ডার্ড এন্ড টেস্টিং ইন্সটিটিউশন (বিএসটিআই) | ০২ | ০৪ | ০৬ | ০১ | ০৭ | ০৬ | পরিশিষ্ট-ক | ০১ | - |
| বাংলাদেশ ইন্সটিটিউট অব ম্যানেজমেন্ট (বিআইএম) | - | - | - | - | - | - | - | - | - |
| বাংলাদেশ এ্যাক্রেডিটেশন বোর্ড (বিএবি) | - | - | - | - | - | - | - | - | - |
| ন্যাশনাল প্রডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও) | - | - | - | - | - | - | - | - | - |
| পেটেন্ট, শিল্প-নকশা ও ট্রেডমার্কস অধিদপ্তর (ডিপিডিটি) | - | ০২ | ০২ | - | ০২ | ০২ | পরিশিষ্ট-ক | - | - |
| প্রধান বয়লার পরিদর্শকের কার্যালয় | - | - | - | - | - | - | - | - | - |
| ক্ষুদ্র ও মাঝারি শিল্প ফাউন্ডেশন (এসএমইএফ) | - | - | - | - | - | - | - | - | - |
| **মোট** | **০৩** | **০৮** | **১১** | **১৭** | **২৮** | **২১** | - | **০৭** | |

**পরিশিষ্ট-ক**

১। **শিল্প মন্ত্রণালয়:**

**(ক)** HSC Improvement registration সংক্রান্ত বিষয়ে অনলাইনে জনাব রহিম আহমেদ নামক ব্যক্তির নিকট হতে একটি অভিযোগ আসে। প্রাপ্ত অভিযোগটি মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় এর প্রদত্ত সেবা-সংক্রান্ত হওয়ায় অভিযোগ প্রতিকার ব্যবস্থা-সংক্রান্ত নির্দেশিকা ২০১৫ (পরিমার্জিত ২০১৮) অনুসারে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বিভাগে প্রেরণ করে অভিযোগ নিষ্পত্তি করা হয়েছে।

**(খ)** অসঙ্গতিপূর্ণ অফিস আদেশের মাধ্যমে প্রধান শিক্ষক নিয়োগ প্রক্রিয়ায় অনিয়ম সংক্রান্ত অভিযোগ (জলেয়ারমার ঘাট আদর্শ উচ্চ বিদ্যালয়, EIIN: ১৩৪৮৯১) বিষয়ে অনলাইনে একটি অভিযোগ আসে। প্রাপ্ত অভিযোগটি মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় এর প্রদত্ত সেবা-সংক্রান্ত হওয়ায় অভিযোগ প্রতিকার ব্যবস্থা-সংক্রান্ত নির্দেশিকা ২০১৫ (পরিমার্জিত ২০১৮) অনুসারে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বিভাগে প্রেরণ করে অভিযোগ নিষ্পত্তি করা হয়েছে।

**(গ)** বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প কর্পোরেশন (বিসিক) নিয়ন্ত্রণকারী শক্তিশালী দুর্নীতিবাজ সিন্ডিকেট ভেঙ্গে ফেলার জন্য উচ্চ-স্তরের তদন্ত এবং প্রাতিষ্ঠানিক শুদ্ধির জন্য আনুষ্ঠানিক (Formal) অভিযোগ এবং বিসিক চেয়ারম্যানকে প্রত্যাহার সংক্রান্ত বিষয়ে একটি অভিযোগ আসে। প্রাপ্ত অভিযোগের বিষয়ে তদন্ত কমিটি গঠন করা হয়। তদন্ত প্রতিবেদনে অভিযোগ প্রমাণিত না হওয়ায় অভিযোগটি নথিভুক্তির মাধ্যমে নিষ্পত্তি করা হয়েছে।

**(ঘ)** অবৈধ বরখাস্ত আদেশ প্রত্যাহার করে বকেয়া পাওনা বেতন ও ভাতা প্রদানপূর্বক অবসরের সুযোগ-সুবিধা প্রদানের আবেদন প্রসঙ্গে জনাব মোঃ আবু হেনা মোস্তফা জামান, প্রাক্তন সহকারী পরীক্ষক, পেটেন্ট, শিল্প নকশা ও ট্রেডমার্কস অধিদপ্তর, ঢাকা এর নিকট হতে একটি অভিযোগ আসে। প্রাপ্ত অভিযোগের দাখিলকৃত আবেদনটির বিষয়ে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আবেদনপত্রের ছায়ালিপি এ মন্ত্রণালয়ের শৃঙ্খলা শাখায় প্রেরণ করে এ শাখা হতে অভিযোগটি নিষ্পত্তি করা হয়েছে।

**(ঙ)** জনাব মনোরঞ্জন মধু, প্রশাসনিক কর্মকর্তা, শিল্প মন্ত্রণালয় এর বিরুদ্ধে দাখিলকৃত অভিযোগের তদন্ত সংক্রান্ত বিষয়ে পেটেন্ট, শিল্প নকশা ও ট্রেডমার্কস অধিদপ্তর, ঢাকা এর নিকট হতে একটি অভিযোগ আসে। প্রাপ্ত অভিযোগের বিষয়ে তদন্ত কমিটি গঠন করা হয়। তদন্ত প্রতিবেদনের সুপারিশ অনুযায়ী তার বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত হওয়ায় বিধি মোতাবেক বিভাগীয় ব্যবস্থা গ্রহণের জন্য তদন্ত প্রতিবেদনের মূলকপি ও সংশ্লিষ্ট কাগজপত্রসমূহ এ মন্ত্রণালয়ের প্রশাসন অনুবিভাগে প্রেরণ করে এ শাখা হতে অভিযোগটি নিষ্পত্তি করা হয়েছে।

**(চ)** প্রধান বয়লার পরিদর্শক মোহাম্মদ আব্দুল মান্নান এর অনিয়ম, দুর্নীতি ও স্বেচ্ছাচারিতার অবসান ঘটাতে অপসারণ প্রসঙ্গে জনাব মো: শহিদুল ইসলাম, প্রোপাইটর, স্টিম কেয়ার, শাহজাতপুর, গুলশান এবং জনাব এম. সাহেদ চৌধুরী, প্রোপাইটর, গ্রীণ বয়লার টেকনোলজি কর্তৃক একটি অভিযোগ আসে। প্রাপ্ত অভিযোগের বিষয়ে তদন্ত কমিটি গঠন করা হয়। তদন্ত প্রতিবেদনের সুপারিশ অনুযায়ী তার বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত হওয়ায় বিধি মোতাবেক পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য তদন্ত প্রতিবেদনের ছায়ালিপি ও সংশ্লিষ্ট কাগজপত্রসমূহ এ মন্ত্রণালয়ের শৃঙ্খলা শাখায় প্রেরণ করে এ শাখা হতে অভিযোগটি নিষ্পত্তি করা হয়েছে।

২। বাংলাদেশ কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ কর্পোরেশন (বিসিআইসি):

নিষ্পত্তিকৃত অভিযোগের বিবরণ:

(i) দৈনিক জনকণ্ঠ পত্রিকার সংবাদে বাগেরহাটের মোড়লগঞ্জ-এ ইউরিয়া সারের বস্তা প্রতি প্রায় ৯ কেজি সার কম পাওয়ার অভিযোগ তদন্তে কমিটি গঠন করা হয়েছে। তদন্ত প্রতিবেদনে অভিযোগ প্রমাণিত না হওয়ায় অভিযোগটি নথিভুক্তির মাধ্যমে নিষ্পত্তি করা হয়েছে মর্মে গণ্য করা যেতে পারে।

৩। বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প করপোরেশন (বিএসএফআইসি):

নিষ্পত্তিকৃত অভিযোগের বিবরণ:

(i) অভিযোগের বিষয়: ফরিদপুর চিনিকল উচ্চ বিদ্যালয়ে প্রাইভেট পড়ানোর জন্য শিক্ষক কর্তৃক ছাত্রদের উপর চাপ প্রয়োগ:
নিষ্পত্তি প্রক্রিয়া: বিএসএসআইসির স্মারক নম্বর:৩৬,০৪,০০০০.০১২.৩৪.০০৩.১৫.৯৮, তারিখ: ০৯-০৪-২০২৬ খ্রি. মোতাবেক গঠিত তদন্ত কমিটির প্রতিবেদনে অভিযোগটি প্রমাণিত হয়নি।

(ii) অভিযোগের বিষয়: চাকরি হতে ইস্তফা প্রদানকারী ০১ (এক) জন কর্মকর্তার লাম্পগ্রান্ট প্রাপ্তি সংক্রান্ত আবেদন নিষ্পত্তি না করা:

নিষ্পত্তি প্রক্রিয়া: বিএসএসআইসি'র প্রবিধানমালায় এ বিষয়ে সুস্পষ্ট নির্দেশনা না থাকায় মানব বিভাগ হতে স্মারক নম্বর: ৩৬,০৪,০০০০.০১১.৯৯.০০৩.২৫.৩৮৮, তারিখ: ২১-০৫-২০২৬ খ্রি. মোতাবেক সচিব, শিল্প মন্ত্রণালয় বরাবর নির্দেশনা চেয়ে পত্র প্রেরণ করা হয়েছে। অনলাইনে অভিযোগ নিষ্পত্তির জন্য সময়ের বাধ্যবাধকতা থাকায় এবং শিল্প মন্ত্রণালয় থেকে মতামত প্রাপ্তি একটি সময় সাপেক্ষ বিষয় হওয়ায় আপাতত: অভিযোগটি অনলাইনে নিষ্পত্তি করা হয়েছে। বর্ণিত মতামত পাওয়া গেলে পরবর্তীতে অফলাইনে আবেদনকারীকে অবহিত করা হবে।

৪। বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প কর্পোরেশন (বিসিক):
নিষ্পত্তিকৃত অভিযোগের বিবরণ:

(i) জিআরএস অনলাইনে জনাব শুভেচ্ছা দে ০৭.০৪.২০২৬ খ্রি. তারিখে চাকুরী হতে ইস্তফা প্রদানের প্রেক্ষিতে বিসিক থেকে ছুটি নগদায়নের অর্থ প্রাপ্য হবেন কিনা তা জানতে চেয়ে আবেদন দাখিল করেন। সে পরিপ্রেক্ষিতে অভিযোগের বিষয়ে নিরীক্ষা বিভাগ, বিসিক, ঢাকার মতামত গ্রহণ করা হয়। মতামতের ভিত্তিতে অভিযোগটি গত ০৩.০৫.২০২৬ খ্রি. তারিখে অভিযোগটি নিষ্পত্তি করা হয়।

(ii) প্রকৌ. এ,কে,এম, বজলুর রশীদ, প্রধান প্রকৌশলী, পুরকৌশল বিভাগ, বিসিক, ঢাকার বিরুদ্ধে মূলত নির্মাণকাজের কার্যাদেশ বাবদ ১০% টাকা ঠিকাদারদের নিকট হতে জোরপূর্বক গ্রহণ সংক্রান্ত একটি অভিযোগ শিল্পনগরীর মালিক পক্ষে নাম প্রকাশে অনিচ্ছুক জনৈক ব্যক্তি কর্তৃক দাখিল করা হয়। অভিযোগটির বিষয়ে মতামত গ্রহণের জন্য পরিচালক (প্রকৌশল ও প্রকল্প বাস্তবায়ন) এর নিকট প্রেরণ করা হয়। মতামত মোতাবেক অভিযোগের সত্যতা না পাওয়ায় অভিযোগটি গত ০৬.০৫.২০২৬ খ্রি. তারিখে নিষ্পত্তি করা হয়।

(iii) মেসার্স হামিম ইন্টারন্যাশনাল প্লট: এ-০৪, জমির পরিমাণ: ২৫.৪৬০ বর্গফুট, বিসিক শিল্পনগরী (সম্প্রসারণ), মাদারীপুর এর স্বত্বাধিকারী জনাব লুবনা খানম তাঁর প্রতিষ্ঠানের অনুকূলে জমির কিস্তি বাবদ অতিরিক্ত গ্রহণকৃত ৬,৫৯,০১৭.৬১ (ছয় লক্ষ উনষাট হাজার সতের দশমিক ছয় এক) টাকা ফেরত প্রদানের জন্য আবেদন দাখিল করেছেন। অভিযোগটির বিষয়ে মতামত গ্রহণের জন্য অভিযোগটি উপমহাব্যবস্থাপক, শিল্পনগরী ও সময়ন্ব শাখা, বিসিক, ঢাকা এর নিকট প্রেরণ করা হয়। মতামতের ভিত্তিতে অভিযোগটি গত ১৩.০৫.২০২৬ খ্রি. তারিখে নিষ্পত্তি করা হয়।

(iv) মেসার্স হাবিবা কনস্ট্রাকশন এর অনুকূলে প্লট-০৩, জমির পরিমান: ২৫.৪৬০ বর্গফুট, বিসিক শিল্পনগরী (সম্প্রসারণ), মাদারীপুর এর স্বত্বাধিকারী জনাব মীর হাবিবুর রহমান তাঁর প্রতিষ্ঠানের অনুকূলে জমির কিস্তি বাবদ অতিরিক্ত গ্রহণকৃত ৬,৫৯,০১৭.৬১ (ছয় লক্ষ উনষাট হাজার সতের দশমিক ছয় এক) টাকা ফেরত প্রদানের জন্য আবেদন দাখিল করেছেন। অভিযোগটির অভিযোগটি বিষয়ে গ্রহণের জন্য মতামত উপমহাব্যবস্থাপক, শিল্পনগরী ও সময়ন্ব শাখা, বিসিক, ঢাকা এর নিকট প্রেরণ করা হয়। মতামতের ভিত্তিতে অভিযোগটি গত ১৩.০৫.২০২৬ খ্রি. তারিখে নিষ্পত্তি করা হয়।

৫। বাংলাদেশ স্ট্যান্ডার্ড এন্ড টেস্টিং ইন্সটিটিউশন (বিএসটিআই):
নিষ্পত্তিকৃত অভিযোগের বিবরণ:

(i) ২১/০৫/২০২৬ তারিখে বিএসটিআই প্রধান কার্যালয় এর ইস্যুকৃত পত্রের মাধ্যমে বিএসটিআই ফেসবুক পেজে দায়েরকৃত অভিযোগের ভিত্তিতে ২৫/০৫/২০২৬ তারিখে জেলা প্রশাসন, নরসিংদী এর উদ্যোগে বিএসটিআই আঞ্চলিক কার্যালয় নরসিংদী এর সহায়তায় নরসিংদী জেলার সদর উপজেলায় একটি মোবাইল কোর্ট পরিচালিত হয়। অভিযোগের সত্যতার প্রেক্ষিতে মোবাইল কোর্টটিতে মেসার্স অগ্রদূত চানাচুর, বৌয়াকুড়, বড়বাজার, সদর, নরসিংদী এর নোংরা ও অপরিচ্ছন্ন স্থানে চানাচুর প্রস্তুত, মোড়কজাত ও বাজারজাত হওয়ায় ও পিসিআর সনদ না থাকায় টাকা- ৬০,০০০/- (যাট হাজার) মাত্র জরিমানা করা হয়। সহকারী কমিশনার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট জনাব মোঃ খালিদ হোসেন শিমুল মহোদয়ের নেতৃত্বে পরিচালিত মোবাইল কোর্টে প্রসিকিউটর হিসেবে উপস্থিত ছিলেন বিএসটিআই, নরসিংদী অফিসের কর্মকর্তা জনাব মোঃ আরিফ হোসেন আসিফ, শেখ রাসেল ও অনিন্দ্য দে, পরিদর্শক (মেট্রোলজি)।

(ii) সাম্প্রতিক কালে সামাজিক যোগাযোগ মাধ্যমে বহুল প্রচার হওয্য বিভিন্ন সিমেন্ট কোম্পানির মোড়কজাতকৃত পণ্যের ৫০ কেজি বস্তায় পরিমাপে কম প্রদান করার অভিযোগের প্রেক্ষিতে এবং মহাপরিচালক (সচিব), বিএসটিআই মহোদয়ের নির্দেশে ২৫/০৫/২০২৬ খ্রি: তারিখে নরসিংদী জেলার পলাশ উপজেলার কনফিডেন্স সিমেন্ট পিএলসি প্রতিষ্ঠানে অভিযান চালানো হয়।

অভিযানে প্রতিষ্ঠানে বিদ্যমান মোড়কজাতকৃত ৫০ কেজির বস্তাসমূহের মধ্যে থেকে দৈবভাবে কিছু বস্তা বিএসটিআই এর ক্যালিব্রেশন করা বাটখারা দিয়ে ভেরিফাই করা স্কেলে ওজন যাচাই করা হয়। যাচাইকালে বস্তাসমূহের ওজন গ্রহণযোগ্য সীমার মধ্যে পাওয়া যায়। বিএসটিআই, নরসিংদী অফিসের কর্মকর্তা জনাব মো: আরিফ হোসেন আসিফ, পরিদর্শক (মেট্রোলজি); জনাব শেখ রাসেল, পরিদর্শক (মেট্রোলজি) এবং জনাব অনিন্দ্য দে, পরিদর্শক (মেট্রোলজি) এর সমন্বয়ে সার্ভিল্যান্স অভিযানটি পরিচালিত হয়।

(iii) রংপুর জেলার তারাগঞ্জ উপজেলার খোলাপাড়া এলাকার জনৈক মো: আক্তার হোসেন (প্রোপাইটর) মেসার্স এসিপি কনজুমার প্রোডাক্টস, ৭৬/ডি/বি, উত্তর যাত্রাবাড়ি, ঢাকা প্রতিষ্ঠানটি গত ১৫/০৪/২০২৬ খ্রিঃ তারিখে বিএসটিআই' তে লিখিত অভিযোগ করেন যে, তারাগঞ্জ উপজেলার খোলাপাড়া এলাকার মোঃ মোজাহিদুল ইসলাম লিটন নামীয় ব্যক্তি মেসার্স টিসিপি কনজুমার প্রোডাক্টস প্রতিষ্ঠানটির নামে অভিযোগকারীর দানব ব্রান্ডের নকল করে সিএম লাইসেন্সবিহীন অবৈধ মশার কয়েল উৎপাদন করছে। উক্ত অভিযোগের প্রেক্ষিতে গত ২০/০৫/২০২৬ খ্রিঃ তারিখে বিএসটিআই বিভাগীয় কার্যালয়, রংপুর এর একটি টিম কর্তৃক সরেজমিনে তারাগঞ্জ উপজেলায় সার্ভিল্যান্স পরিচালনা করা হয়। কিন্তু উল্লিখিত ঠিকানায় কোনো কারখানা পাওয়া যায়নি। মোবাইল ফোনের মাধ্যমে অভিযোগকারীর সাথে যোগাযোগ করা হলে তিনি জানান যে, অভিযুক্ত ব্যক্তি বর্তমানে উৎপাদন বন্ধ রেখেছেন। অভিযুক্ত ব্যক্তি পুণরায় কয়েল উৎপাদন শুরু করলে অভিযোগকারী মোবাইল ফোনের মাধ্যমে বিএসটিআই রংপুর অফিসকে পূর্ণাজ্ঞ ঠিকানা প্রদান করে সহযোগীতা করার ইচ্ছা পোষণ করেন।

(iv) ০৩-০৬-২০২৬খ্রি. তারিখে জনস্বার্থে কুমিল্লা জেলার চৌদ্দগ্রাম উপজেলার বিসিক শিল্প এলাকায় একটি সার্ভিল্যান্স অভিযান পরিচালনা করা হয়। উক্ত অভিযানে নিম্নোক্ত প্রতিষ্ঠানের কার্যক্রম পরিদর্শন করা হয়:

(ক) মিয়াজী ফুড প্রোডাক্টস প্রতিষ্ঠানটির বিএসটিআই-এর সিএম লাইসেন্স প্রাপ্তির বিষয়টি পরিদর্শনে পাওয়া যায়।

(খ) আল মদিনা মুড়ি মিল প্রতিষ্ঠানটির বিএসটিআই-এর সিএম লাইসেন্স প্রাপ্তির বিষয়টি পরিদর্শনে পাওয়া যায়।

(গ) প্রগতি ফুড প্রোডাক্টস প্রতিষ্ঠানটির সিএম লাইসেন্স পাওয়া যায় নি। একারণে প্রতিষ্ঠানটিকে অতিসত্ত্বর সিএম লাইসেন্সের জন্য আবেদন করার নির্দেশনা প্রদান করা হয়।

(v) যশোর জেলার কেশবপুর উপজেলায় একটি সার্ভিল্যান্স অভিযান পরিচালনা করা হয়। উক্ত সার্ভিল্যান্স অভিযানে কেশবপুর ফিলিং স্টেশন, মধ্যকুল, কেশবপুর পৌরসভা, কেশবপুর, যশোর প্রতিষ্ঠান গুলোর সবগুলো ডিসপেন্সিং ইউনিটের পরিমাপ যাচাই করা হয়। পরিমাপ গ্রহণযোগ্য ত্রুটি সীমার মধ্যে পাওয়া যায়।

(vi) এম ডি ফিলিং স্টেশন, আলতাপোল, কেশবপুর, যশোর প্রতিষ্ঠানগুলোর সবগুলো ডিসপেন্সিং ইউনিটের পরিমাপ যাচাই করা হয়। পরিমাপ গ্রহণযোগ্য ত্রুটি সীমার মধ্যে পাওয়া যায়।

৬। পেটেন্ট, শিল্প-নকশা ও ট্রেডমার্কস অধিদপ্তর (ডিপিডিটি)

নিষ্পত্তিকৃত অভিযোগের বিবরণ:

(i) বর্ণিত অভিযোগের ট্র্যাকিং নম্বর: (১৭৭৮৪৭৫৬৮৭৪৩০)। পেটেন্ট, শিল্প-নকশা ও ট্রেডমার্কস অধিদপ্তরের অনলাইন সেবা বিষয়ক Software, Industrial Property Administration System (IPAS) এর সার্ভারের সমস্যাজনিত অভিযোগ। বিষয়টি IPAS এর কারিগরি ত্রুটির কারণে হয়েছে এবং এতদবিষয়ে সংশ্লিষ্ট সকলে (দেশে ও দেশের বাহিরে) আন্তরিকভাবে এসমস্যা সমাধানে সচেষ্ট ছিলেন। বর্তমানে এটি সম্পূর্ণ সচল রয়েছে এবং সকল সেবাগ্রহীতা এটি ব্যবহার করতে পারছেন, বিধায় অভিযোগটি নিষ্পত্তি করা হয়েছে।

(ii) বর্ণিত অভিযোগের ট্র্যাকিং নম্বর (১৭৫৬১৫১২৭৬০০০১) এ অধিদপ্তরের সামিগ্রক সেবা এবং অনলাইন বিষয়ক সেবা সম্পর্কে অভিযোগ। সেবা গ্রহণকারী এ অধিদপ্তরের সামিগ্রক সেবা অনলাইন এবং সামিগ্রক সেবা সম্পর্কে স্বচ্ছ ধারনা না থাকায় কিছু অস্পষ্টতা তৈরি হয়েছিল যা পরবর্তীতে সমাধান করা হয়েছে। তারপরেও কোনো কারিগরি সমস্যার সম্মুখীন হলে ডিপিডিটি'র হেল্পডেস্কে রয়েছে যোগাযোগ করার সুযোগ সেহেতু এটি নিষ্পত্তি করা হয়েছে।